



অবি লম্বে প্রকাশে র উদে শ্যে: 9/29/2021

গভর্নর ক্যাথি হোচুল

এরি কাউন্টিতে NY রুট 5-এ 6.9 মিলিয়ন ডলারের পুনর্বাসন প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে বলে গভর্নর হোচুলের ঘোষণা

পুনর্বাসন প্রকল্পটি প্রতিদিন 20,000 থেকে 45,000 যানবাহন চলাচলকারী ডাউনটাউন বাফেলোতে যাওয়া গুরুত্বপূর্ণ করিডোরটি শক্তিশালী করবে

ছবি পাওয়া যাবে [এখানে](#)

গভর্নর ক্যাথি হোচুল আজ এরি কাউন্টির হ্যামবার্গ টাউন ও ল্যাকওয়ানা সিটিতে বিগ ট্রি রোড থেকে কেইন স্ট্রিট পর্যন্ত যাওয়া স্টেট রুট 5-এ 6.9 মিলিয়ন ডলারের প্রতিরোধমূলক রক্ষাবেক্ষণ প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে বলে ঘোষণা করেছেন। এই প্রকল্প এই গুরুত্বপূর্ণ করিডোরে মোটরযান চালক ও পথচারীদের জন্য সমপর্যায়ের গতিশীলতা ও ট্রাফিক নিরাপত্তা বৃদ্ধি করেছে।

"আমরা প্রতিরোধমূলক রক্ষাবেক্ষণে বিনিয়োগ করছি এবং আঞ্চলিক অর্থনীতির মধ্যে নিরাপদ, অ্যাক্সেসযোগ্য ভ্রমণে সহায়তা করে এমন অবকাঠামো বিদ্যমান থাকা নিশ্চিত করায় সাহায্য করতে ভবিষ্যত প্রজন্মের নিউ ইয়র্কবাসীদের জন্য মজবুত সড়কপথ তৈরির জন্য কমিউনিটিগুলোর সাথে কাজ করছি," বলেছেন গভর্নর হোচুল। "এই পুনর্বাসন প্রকল্প শুধু গতিশীলতা ও নিরাপত্তাই বৃদ্ধি করে না, বরং আমাদের মহামারীর চ্যালেঞ্জগুলো মোকাবেলা করা এবং ভবিষ্যতের জন্য আমাদের অবকাঠামো ও অর্থনীতিকে শক্তিশালী করা অব্যাহত রাখার এই সময়ে হ্যামবার্গ ও ল্যাকওয়ানার মতো জায়গাগুলো যাতে অর্থনৈতিক দিক থেকে প্রতিযোগিতাপূর্ণ থাকতে পারে তা নিশ্চিত করে।"

পথচারীদের নিরাপত্তা এই অত্যধিক ভ্রমণের করিডোরে একটি অগ্রাধিকার ছিল। প্রতিবন্ধী আমেরিকানদের জন্য আইনের মানদণ্ড অনুযায়ী নতুন কার্ব ও হুইলচেয়ার র্যাম্প নির্মাণ করা হয়েছে। পথচারীদের জন্য আধুনিক পুশ বাটন এবং পথচারীদেরকে ট্রাফিক সিগনাল পরিবর্তনের প্রত্যাশিত সময় সম্পর্কে সতর্ক করার জন্য কাউন্টডাউন টাইমার দিয়ে পথচারীদের সিগনাল দেয়ার সরঞ্জাম আপগ্রেড করা হয়েছে।

এই প্রকল্পে স্টেট রুট 5-এর রাস্তার বিদ্যমান পৃষ্ঠতল চূর্ণ করে, পেভমেন্টের প্রয়োজনীয় মেরামত সম্পন্ন করে এবং পৃষ্ঠতলে একটি নতুন প্রলেপ দেয়ার মাধ্যমে হাইওয়ে ব্যবহারের আয়ুষ্কাল বৃদ্ধি করা হয়েছে। এই ব্যয়-সাশ্রয়ী ব্যবস্থা পেভমেন্টকে পাঁচ বছরের আয়ুষ্কাল প্রদান

করবে। পেভিং-এর কাজ নিউ ইয়র্কের হাইওয়েগুলোকে ভালো মেরামত করা অবস্থায় রাখে, এবং এই বিনিয়োগ ভবিষ্যতে অপেক্ষাকৃত ব্যয়বহুল, ব্যাপক পর্যায়ে মেরামত করার প্রয়োজনকে বিলম্বিত করবে।

প্রকল্পের সময়সীমার মধ্যে স্টেট রুট 5-এ নতুন পেভমেন্ট মার্কিং, ট্রাফিক সাইন ও সিগনাল বসানো হয়েছে।

এছাড়াও, সিস্টেমের পারফরম্যান্স ও নির্ভরযোগ্যতা উন্নত করার উদ্দেশ্যে এই প্রকল্পের অধীন একটি মিউনিসিপ্যালিটির উন্নয়ন চুক্তির মাধ্যমে স্টেট রুট 5-এ এরি কাউন্টি ওয়াটার অথোরিটির (Erie County Water Authority) মালিকানাধীন পানির লাইনের 2,300 ফুট দীর্ঘ একটি অংশ প্রতিস্থাপন করা হয়েছে।

"আমরা যেসব কমিউনিটির সেবায় নিয়োজিত আছি সেগুলোর সব সদস্যের জন্য ব্যবসা ও বাণিজ্যের অ্যাক্সেস পাওয়ায় সহায়তা করতে রুট 5-এর সংস্কার করার মতো পরিবহন ব্যবস্থা উন্নয়নের কাজগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ," বলেছেন নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের (Department of Transportation) কমিশনার ম্যারি থেরেস ডমিংগুয়েজ। "করিডোরের এই উন্নতিগুলো DOT কিভাবে আমাদের মহাসড়কে গুরুত্বপূর্ণ বিনিয়োগ করেছে এবং সেইসাথে মোটরচালক, পথচারী ও বাইসাইকেল চালকদের জন্য আমাদের পরিবহন ব্যবস্থার নির্ভরযোগ্যতার উন্নতি করেছে তার একটি উদাহরণ।"

সিনেটর সিয়ান রায়ান বলেন, "এই প্রকল্পের কাজ সমাপ্ত হওয়া নিত্যদিন ডাউনটাউন বাফেলো ও সাউথটাউনের মধ্যবর্তী রুট 5 দিয়ে ভ্রমণকারী হাজার হাজার যাত্রীর জন্য একটি চমৎকার সংবাদ। এই 6.9 মিলিয়ন ডলারের বিনিয়োগ যানবাহনের প্রবাহ সাবলীল করা এবং গাড়ি চালক ও পথচারীদের নিরাপত্তা সমানভাবে উন্নত করার জন্য গৃহীত গুরুত্বপূর্ণ পদক্ষেপসমূহের তহবিল যোগান দিয়েছে। এই প্রকল্প নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে যাদের প্রচেষ্টা গুরুত্বপূর্ণ ছিল সেসব নির্মাণ শ্রমিকদের আমি ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য জন ডি. রিভেরা বলেন, "সুস্থ অবকাঠামো বজার রাখা একটি অঞ্চলের অগ্রগতির একটি গুরুত্বপূর্ণ নির্দেশক। বাফেলো সিটি ও সাউথটাউনের মধ্যবর্তী গুরুত্বপূর্ণ যানবাহন চলাচলের পথের এই গুরুত্বপূর্ণ সড়কের কাজ হোচল প্রশাসনের সুশাসন এবং আমাদের স্টেটের বাসিন্দাদের প্রয়োজন অনুধাবন করতে পারার আরেকটি উদাহরণ।"

রিয়েল-টাইমে ভ্রমণের তথ্য পেতে, 511-এ ফোন করুন, www.511NY.org, ওয়েবসাইট দেখুন অথবা নতুন মোবাইল সাইট <http://m.511ny.org/> এ লগ-ইন করুন। 511NY নিউ ইয়র্ক স্টেটের সব অংশের জন্য বিনামূল্যে, 24/7, স্টেটব্যাপী, রিয়েল-টাইম ট্রাফিক ও ট্রানজিট সংক্রান্ত তথ্য প্রদান করে থাকে।

টুইটারে (Twitter) নিউ ইয়র্ক স্টেট DOT অনুসরণ করুন: @NYSDOT ও @NYSDOTBuffalo ফেসবুকে (Facebook) [facebook.com/NYSDOT](https://www.facebook.com/NYSDOT) ঠিকানায় আমাদেরকে খুঁজে নিন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)